



UNITED PEOPLES DEMOCRATIC FRONT (UPDF)

ইউনাইটেড পিপল্‌স ডেমোক্রেটিক ফ্রন্ট (ইউপিডিএফ)

(A political party based in the Chittagong Hill Tracts, Bangladesh)

Mailing Address :Swanirbhar bazaar, Khagrachari, Northern Chittagong Hill Tracts, Bangladesh.

Email. undfcht@yahoo.com Website: www.undfcht.com

Ref:

Date: ৩ এপ্রিল ২০২৩

প্রেস বিজ্ঞপ্তি

খাগড়াছড়ির মানিকছড়িতে ইউপিডিএফ সদস্যকে হত্যার নিন্দা ও প্রতিবাদ

ইউনাইটেড পিপল্‌স ডেমোক্রেটিক ফ্রন্ট (ইউপিডিএফ) খাগড়াছড়ি জেলা ইউনিটের সংগঠক অংগ্য মারমা আজ সোমবার, ৩ এপ্রিল ২০২৩ এক বিবৃতিতে জেলার মানিকছড়ি উপজেলায় হুাচিং মং মারমা (উষা) নামে এক ইউপিডিএফ সদস্যকে শারীরিক নির্যাতন চালিয়ে হত্যার নিন্দা ও প্রতিবাদ এবং অবিলম্বে হত্যাকারীদের গ্রেফতার পূর্বক দৃষ্টান্তমূলক শাস্তি দেয়ার দাবি জানিয়েছেন।

ঘটনার বর্ণনা দিয়ে তিনি বলেন, ‘গতকাল বিকেল সাড়ে তিনটার দিকে হুাচিং মং মারমা সাংগঠনিক কাজে যোগ্যছোলা ইউনিয়নের স্কুলপাড়া নামক স্থানে গেলে সেটেলার বাঙালিরা তাকে ধরে নির্মমভাবে মারধর করে পুলিশের কাছে তুলে দেয়। এরপর তাকে আহত অবস্থায় খাগড়াছড়ি সদর হাসপাতালে ভর্তি করা হলে সেখানে তিনি মারা যান।’

যোগ্যছোলা ইউনিয়নের জনৈক আওয়ামী লীগ নেতা এই ঘটনার নেতৃত্ব দেন বলে ইউপিডিএফ নেতা অভিযোগ করেছেন।

হুাচিং মং মারমা (বয়স ২৩) রামগড় উপজেলার রামগড় সদর ইউনিয়নের বৈদ্যপাড়া গ্রামের বাসিন্দা, তার পিতার নাম মৃত খেহুাপ্রু মারমা ও মাতার নাম সাবাপ্রু মারমা বলে অংগ্য মারমা জানান।

বার্তা প্রেরক

নিরন চাকমা

প্রচার ও প্রকাশনা বিভাগ

ইউনাইটেড পিপল্‌স ডেমোক্রেটিক ফ্রন্ট (ইউপিডিএফ)।